

ধর্ম সঙ্গীত

সংসারস্থ করেচি বরণ,  
তবু তুমি মম জীবনস্বামী ॥  
না জানিয়া পথ ভ্রমিতেছি পথে,  
আপন গরবে অসীম জগতে ।  
তবু শ্রেষ্ঠনেত্র জাগে প্রবত্তারা,  
তব শুভ আশিস্ আসিছে নামি ॥

---

শুভ আসনে বিরাজ অরুণ-চট্টামাকে,  
নৌলান্ধরে ধরণীপরে  
কিবা মহিমা তব বিকাশিল ।  
দীপ্ত সূর্য তব মুকুটোপরি,  
চরণে কোটি তারা মিলাইল,  
আলোকে প্রেমে আনন্দে  
সকল জগত বিভাসিল ॥

---

আচ অন্তরে চিরদিন, তবু কেন কাদি ।  
তবু কেন হেরি না তোমার জ্যোতি,  
কেন দিশাহারা অক্ষকারে ॥

## গান

অকূলের কূল তুমি আমাৰ,  
তবু কেন ভেসে যাই মৱণেৰ পাৱাৰে ।  
আনন্দঘন বিভু, তুমি যার স্বামী,  
সে কেন ফিৰে পথে দ্বাৰে দ্বাৰে ॥

---

আজি হেৱি সংসাৰ অমৃতময় ।  
মধুৱ পৰন, বিমল কিৱণ, ফুল বন,  
মধুৱ বিহগকল্পৰ্বন ॥

কোথা হ'তে বহিল সহসা প্ৰেমহিল্লোল, আহা,  
হৃদয়কুশ্ম উঠিল ফুটি পুলকভাৱে ॥

অতি আশচৰ্য্য, দেখ সবে দীনছীন কৃত্তি হৃদয়মাকৈ,  
অসীম জগতস্বামী বিৱাজে শুন্দৰ শোভন ।

ধন্য এই মানব-জীবন, ধন্য বিশ্ব-জগত,  
ধন্য তাঁৰ প্ৰেম, তিনি ধন্য ধন্য ॥

---

আনন্দধাৰা বহিছে ভুবনে,  
দিনৱজনী কত অমৃতৱস উথলি যায় অনন্ত গগনে ॥

পান কৱে রবি শশী অঞ্জলি ভৱিয়া,  
সদা দীপ্তি রহে অক্ষয় জ্যোতি,  
নিত্য পূৰ্ণ ধৰা জীবনে কিৱণে ॥